অবশেষে ব্যাটম্যান হয়ে ধরা দিলেন রবার্ট প্যাটিনসন

‘আমি হলাম প্রতিহিংসা’- ঠিক এই বাক্য উচ্চারণের মধ্য দিয়েই মার্বেল সুপারহিরো ব্যাটম্যান হিসাবে আত্মপ্রকাশ করে ফেললেন রবার্ট প্যাটিনসন। হলিউড তারকা রবার্ট প্যাটিনসন ব্যাটম্যানের চরিত্রে অভিনয় করতে চলেছেন-গত বছর মে মাসে এই খবর প্রকাশ্যে আসবার পর থেকেই বিভিন্নমহল থেকেন নানারকম মত উঠে এসেছিল।

ব্যাটম্যানের ভূমিকায় কতখানি মানাবে ‘দ্য টোয়ালাইট সাগা’ সিরিজ খ্যাত এই তারকাকে? সেই নিয়েও সন্দেহ প্রকাশ করেছিলেন ডিসি কমিকসের অনেক ভক্ত। তবে সব জল্পনার অবসান হল শনিবার। প্রকাশ্যে এলো ম্যাট রিভস পরিচালিত ‘দ্য ব্যাটম্যান-ডিসি ফ্যানডম’ এর প্রথম ঝলক।

কথামতোই প্রযোজক সংস্থা ওয়ার্নার ব্রাদার্সের পক্ষ থেকে ডিসি ফ্যানডম ইভেন্টে মুক্তি দেওয়া হল এই ছবির টিজার । করোনাভাইরাস মহামারীর জেরে এই ছবির শুটিং বন্ধ রয়েছে, যা শুরু হওয়ার কথা সেপ্টেম্বর মাসে। আপাতত অক্টোবর ২০২১ মুক্তির লক্ষ্যমাত্রা নিয়ে এগোচ্ছে গোটা টিম।

মূলত টানটান অ্যাকশন দৃশ্যে ভরপুর এই টিজারে ব্যাটম্যান রূপী রবার্ট প্যাটিনসনের এন্ট্রি ভক্তদের মধ্যে উত্তেজনা তৈরি করেছে । তাঁর ঘষা-ঘষা কণ্ঠস্বরের নতুনত্ব হল ক্রিশ্চান বেলের মতো কর্কশও নয় আবার আবার বেন আফ্লেকের মতো যান্ত্রিকও নয় যা ইতিমধ্যেই ভক্ত মহলে উন্মাদনা সৃষ্টি করেছে । ব্যাটম্যান ওরফে ক্যাপড ক্রুসেডারের চরিত্রে ছবিতে থাকছেন প্যাটিনসন।

ছবিতে খলনায়কের চরিত্রে দেখা যাবে পল ড্যানোকে।এছাড়াও জো ক্রাভিৎজ থাকছেন ক্যাট ওম্যানের ভূমিকায় এবং সম্পূর্ণ অপরিচিত আইরিশ অভিনেতা কলিং ফ্যারেলকে দেখা যাবে পেঙ্গুইনের চরিত্রে । এছাড়াও ছবিতে দেখা যাবে জন টারটারো, পিটার সারসগার্ড, জেমি লাউসন এবং অ্যান্ডি সার্কিস এর মতো তারকা অভিনেতাদের ।

নির্ভানার সামথিং ইন দ্য ওয়ে গানের মিউজিকের মোড়কে নির্মিত টিজারে নাইকেল গিয়াচ্চিনোর নতুন ব্যাটম্যান থিমের অনুপ্রেরণা লক্ষ্য করা গেছে । উল্লেখ্য, সুপারহিরো ব্যাটম্যান হিসাবে

প্যাটিনসনের সঙ্গে বেন অ্যাফ্লেকের তুলনা যে টানা হবেই তা কারো অজানা নয়। তবে প্রথম পরীক্ষায় অন্তত পুরো নম্বর নিয়েই পাশ করলেন রুপোলি পর্দার এই হ্যান্ডসাম ভ্যাম্পায়ার।

সূত্র- বিডি-প্রতিদিন